

স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী এ বঙ্গের মুসলিম লেখকের ছোটগল্পে মুসলিম নারী

আলিয়া বিশ্ববিদ্যালয়ের বঙ্গভাষা ও সাহিত্য বিভাগের অধীনে পি-এইচ.ডি. উপাধির উদ্দেশ্যে  
গবেষণা অভিসন্দর্ভ পত্রের সারাৎসার

গবেষক

মোসারারফ হোসেন

এনরোলমেন্ট নং – BEN 141606, 2014-2015

তত্ত্বাবধায়ক

ড. আব্দুর রহিম গাজী

সহযোগী অধ্যাপক, বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ

আলিয়া বিশ্ববিদ্যালয়, কলকাতা।

## সূচিপত্র

ভূমিকা

প্রথম অধ্যায় : সমাজে নারীর অবস্থান : সেকাল-একাল

দ্বিতীয় অধ্যায় : প্রকৃতি অনুযায়ী মুসলিম নারী

তৃতীয় অধ্যায় : মুসলিম নারীর বৈচিত্র্যময় সত্তা

চতুর্থ অধ্যায় : সামাজিক অবস্থান অনুযায়ী মুসলিম নারী

পঞ্চম অধ্যায় : মুসলিম নারীর জীবিকা

ষষ্ঠ অধ্যায় : মুসলিম নারীর লোকায়ত সংস্কৃতি

সপ্তম অধ্যায় : জীবন দর্শনের প্রেক্ষিত

উপসংহার

গ্রন্থপঞ্জি

আমাদের সমাজের অর্ধেকাংশেই নারী। এদের বাদ দিয়ে মানব সভ্যতার অগ্রগতি অসম্ভব। সুষ্ঠু সমাজ গঠনে নারীর ভূমিকা অনস্বীকার্য।

প্রথম অধ্যায়ের শিরোনাম : সমাজে নারীর অবস্থান কালে-কালান্তরে। এর চারটি পরিচ্ছেদ। প্রথম পরিচ্ছেদে আলোচিত হয়েছে সমাজ গঠনের সূচনা থেকে মাতৃতান্ত্রিক সমাজের পতন ও পুরুষতান্ত্রিক সমাজের উত্থান প্রসঙ্গ। দ্বিতীয় পরিচ্ছেদের বিষয় প্রাগাধুনিক ভারতবর্ষে নারীর ভূমিকা, তার বিভিন্ন সত্তার পরিচয়-পর্যালোচনা। তৃতীয় পরিচ্ছেদে তুলে ধরা হয়েছে প্রাগাধুনিক থেকে আধুনিক বাঙালি সমাজে নারীর পরিবর্তনশীল মানসিকতা। চতুর্থ পরিচ্ছেদে আলোচনা করা হয়েছে প্রাগাধুনিক থেকে আধুনিক বাঙালি সমাজে মুসলিম নারীর পরিবর্তনশীল মানসিকতা।

দ্বিতীয় অধ্যায়ের শিরোনাম : প্রকৃতি আনুযায়ী মুসলিম নারী। এই অধ্যায়টিকে তিনটি পরিচ্ছেদে ভাগ করা হয়েছে। প্রথম পরিচ্ছেদে সৎ-মানবিক মুসলিম নারীর স্বরূপ সন্ধানের চেষ্টা করা হয়েছে। দ্বিতীয় পরিচ্ছেদে অসৎ-অমানবিক মুসলিম নারীর স্বরূপ সন্ধানের চেষ্টা করা হয়েছে। তৃতীয় পরিচ্ছেদে মুসলিম নারী প্রতিবাদী চেতনার দিকটিকে আলোচনা করা হয়েছে।

তৃতীয় অধ্যায়ের শিরোনাম : মুসলিম নারীর বৈচিত্র্যময় সত্তা। এই অধ্যায়ের চারটি পরিচ্ছেদ। প্রথম পরিচ্ছেদ প্রেমিকা সত্তা, দ্বিতীয় পরিচ্ছেদ স্ত্রী সত্তা, তৃতীয় পরিচ্ছেদ মাতৃ সত্তা, চতুর্থ পরিচ্ছেদ কিশোরী সত্তা।

চতুর্থ অধ্যায়ের শিরোনাম : সামাজিক অবস্থান অনুযায়ী মুসলিম নারী। এই অধ্যায়টিকে চারটি পরিচ্ছেদে আলোচনা করা হয়েছে। প্রথম পরিচ্ছেদে আছে উচ্চ-বংশীয় মুসলিম নারীর আলোচনা। দ্বিতীয় পরিচ্ছেদে আছে অন্ত্যজ মুসলিম নারীর আলোচনা। তৃতীয় পরিচ্ছেদে আছে অত্যাচারী মুসলিম নারী। চতুর্থ পরিচ্ছেদে আছে অত্যাচারিত মুসলিম নারী।

পঞ্চম অধ্যায়ের শিরোনাম : মুসলিম নারীর জীবিকা। এই অধ্যায়টিকে সাতটি পরিচ্ছেদে আলোচনা করা হয়েছে। প্রথম পরিচ্ছেদে আলোচনার বিষয় চাকরিজীবী মুসলিম নারী। দ্বিতীয় পরিচ্ছেদে আলোচনার বিষয় মুসলিম নারীর ব্যবসাকেন্দ্রিক জীবিকা। তৃতীয় পরিচ্ছেদে আলোচনার বিষয় মুসলিম নারীর কৃষিকাজকেন্দ্রিক জীবিকা। চতুর্থ পরিচ্ছেদে আলোচনার বিষয় মুসলিম নারীর

পশুপালনকেন্দ্রিক জীবিকা। পঞ্চম পরিচ্ছেদে আলোচনার বিষয় মুসলিম নারীর দিন মজুরকেন্দ্রিক জীবিকা। ষষ্ঠ পরিচ্ছেদে আলোচনার বিষয় মুসলিম নারীর দেহপোজীবীকেন্দ্রিক জীবিকা। সপ্তম পরিচ্ছেদে আলোচনার বিষয় মুসলিম নারীর অন্যান্য জীবিকা।

ষষ্ঠ অধ্যায়ের শিরোনাম : মুসলিম নারীর লোকায়ত সংস্কৃতি। প্রথম পরিচ্ছেদে আলোচিত হয়েছে মুসলিম নারীর বস্তুকেন্দ্রিক সংস্কৃতি। দ্বিতীয় পরিচ্ছেদে আলোচিত হয়েছে মুসলিম নারীর বাককেন্দ্রিক সংস্কৃতি। তৃতীয় পরিচ্ছেদে আলোচিত হয়েছে মুসলিম নারীর বিশ্বাস-সংস্কার, আচার-অনুষ্ঠানকেন্দ্রিক সংস্কৃতি। চতুর্থ পরিচ্ছেদে আলোচিত হয়েছে মুসলিম নারীর অঙ্গ-ভঙ্গিকেন্দ্রিক সংস্কৃতি। পঞ্চম পরিচ্ছেদে আলোচিত হয়েছে মুসলিম নারীর অঙ্কন-বুননকেন্দ্রিক সংস্কৃতি।

সপ্তম অধ্যায়ের শিরোনাম : জীবন দর্শনের প্রেক্ষিত। এখানে আলোচিত হয়েছে বেগম রোকেয়া থেকে সাদিক হোসেনের ছোটোগল্পে মুসলিম নারী চরিত্র অঙ্কনে লেখকদের দৃষ্টিভঙ্গির স্বাতন্ত্র্য।

‘উপসংহারে’ সামগ্রিকভাবে ও সংহত আয়তনে আমাদের অনুসন্ধানকে ফিরে দেখার চেষ্টা করা হয়েছে।